গণপ্রজাতন্¿ী বাংলাদেশ সরকার
অর্থ মন্¿ণালয়
অভ্যন্©রীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড।

**(কাস্টমস)**

**প্রজ্ঞাপন**

**তারিখ ঃ ২৪ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ/০৭ জুন, ২০১২ খ্রিস্টাব্দ।**

**এস.আর.ও. নং- ১৭২-আইন/২০১২/২৪০০/কাস্টমস।**- Customs Act, 1969 (Act IV of 1969) এর section 219, উক্ত Act এর THIRD SCHEDULE এর Item 17 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০১১ বাতিলক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

১। **শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।**- (১) এই বিধিমালা যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০১২ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা ১৭ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১২ তারিখে কার্যকর হইবে।

(৩) এই বিধিমালা Tourists Baggage (Import) Rules, 1981 এবং Privileged Persons (Customs Procedures) Rules, 2003 এর আওতাভুক্ত যাত্রী ব্যতীত সকল যাত্রীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

২। **সংজ্ঞা।**- বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায় -

(১) "তফসিল" অর্থ এই বিধিমালার কোন তফসিল;

(২) "ব্যাগেজ" অর্থ কোন যাত্রী কর্তৃক আমদানিকৃত যুক্তিসংগত পরিমাণের খাদ্যদ্রব্য, পরিধেয়, গৃহস্থালী বা অন্যবিধ ব্যক্তিগত সামগ্রী;

(৩) "যাত্রী" অর্থ বিদেশ হইতে আগত কোন যাত্রী।

৩। **আকাশ এবং জলপথে আগত যাত্রীর শুল্ক ও কর সুবিধা**।- (১) আকাশ এবং জলপথে আগত ১২ (বার) বৎসর বা তদ–র্ধ্ব বয়সের যাত্রীর সংগে আনীত হাতব্যাগ, কেবিনব্যাগ এবং ৬৫ (পঁয়ষট্টি) কিলোগ্রাম ওজনের অতিরিক্ত নহে এইরূপ দুইটি কার্টন, ব্যাগ বা বস্হোয় অথবা ৩২" (বত্রিশ ইঞ্চি) দৈর্ঘ্য বিশিষ্ট দুইটি স্যুটকেস বা ট্রাংকে আনীত ব্যাগেজ সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে খালাসযোগ্য হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত ব্যাগেজের অতিরিক্ত অনূ–র্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) কিলোগ্রাম ওজনের একটি স্যুটকেস, ট্রাংক, কার্টন, ব্যাগ বা বস্হোয় আনীত পরিধেয় বস্¿, ব্যক্তিগত ব্যবহার্য সামগ্রী, বই, সাময়িকী এবং পড়াশুনার সামগ্রী সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে খালাসযোগ্য হইবে।

(৩) ১২ (বার) বৎসরের কম বয়সের যাত্রীর ক্ষেত্রে অনধিক ৪০ (চল্লিশ) কিলোগ্রাম ওজনের একটি কার্টন, ব্যাগ, বস্হোয় বা ৩২" (বত্রিশ ইঞ্চি) দৈর্ঘ্য বিশিষ্ট একটি স্যুটকেস বা ট্রাংকে আনীত ব্যক্তিগত ব্যাগেজ সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে খালাসযোগ্য হইবে।

(৪) যাত্রীর সংগে আনা হয় নাই এমন ব্যাগেজ (unaccompanied baggage) তফসিল-১ এ বিধৃত ফরমে ঘোষণা প্রদান ও এই বিধিমালার সহিত সংগতিপ–র্ণ হওয়া সাপেক্ষে, সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে খালাস করা যাইবে এবং উক্ত ব্যাগেজ খালাসের সময় ঘোষণাপত্রের একটি অনুলিপি সংশ্লিষ্ট শুল্ক (Customs) কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে।

(৫) এই বিধিতে ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন, একজন যাত্রী তফসিল-৩ এ উলিখিত পণ্যের প্রত্যেকটির একটি করিয়া পণ্য সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে এবং তফসিল-২ এ উলিখিত পণ্যের প্রত্যেকটির একটি করিয়া পণ্য উক্ত তফসিলে উল্লিখিত শুল্ক ও কর পরিশোধ সাপেক্ষে আমদানি করিতে পারিবেন।

(৬) একজন বিদেশী পাসপোর্টধারী যাত্রী এক বোতল অথবা ৫০০ এম.এল. পর্যন্হে মদ বা মদ্য জাতীয় পানীয় (যেমন-স্পি্‌রিট, বিয়ার, ইত্যাদি) সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন।

(৭) কোন যাত্রী তফসিল-২ এবং তফসিল-৩ এ উল্লিখিত পণ্য বিদেশ হইতে সংগে না আনিয়া থাকিলে তফসিল-৪ এ বিধৃত ফরমে উল্লেখক্রমে তাহা বাংলাদেশ পর্যটন করপোরেশনের সিটি সেলস্ সেন্টার হইতে যাত্রী আগমনের ৭ (সাত) কার্যদিবসের মধ্যে ক্রয় করিতে পারিবেন।

(৮) একজন যাত্রী তাহার পেশাগত কাজে ব্যবহার্য এবং সহজে বহনযোগ্য যন্¿পাতি সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন।

(৯) একজন যাত্রী অনধিক ২০০ (দুইশত) গ্রাম ওজনের স্বর্ণ অথবা রৌপ্যের অলংকার (এক প্রকার অলংকার **১২** টির অধিক হইবে না) সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন।

(১০) একজন যাত্রী বিদেশ হইতে দেশে আগমনকালে অনধিক ২০০ (দুইশত) গ্রাম ওজনের স্বর্ণবার বা স্বর্ণপিণ্ড অথবা ২০০ (দুইশত) গ্রাম ওজনের রৌপ্যবার বা রৌপ্যপিণ্ড সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ সাপেক্ষে আমদানি করিতে পারিবেন।

(১১) **১২** (বার) বৎসরের কম বয়সের যাত্রী বিধি **৩** এর উপ-বিধি (৩) এ উলিখিত সুবিধা ব্যতীত অন্য কোন সুবিধা পাইবেনা।

৪। **স্থল পথে আগত যাত্রীর জন্য সুবিধা**।- বিদেশে অবস্থানের মেয়াদ নির্বিশেষে স্থলপথে আগত একজন যাত্রী সর্বো” চ ৩০০ (তিনশত) মার্কিন ডলার মূল্যের ব্যাগেজ সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন।

৫। **অসুস্থ ও পঙ্গু যাত্রীর জন্য সুবিধা**।- আকাশ, জলপথ বা স্থলপথে আগত একজন অসুস্থ, পঙ্গু অথবা বৃদ্ধ যাত্রীর ব্যবহার্য চিকিৎসা যন্¿পাতি ও হুইল চেয়ার সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে খালাস করা যাইবে।

৬। **ক্রু, নাবিক এবং অন্যান্যদের জন্য সুবিধা**।- (১) পেশাগত দায়িত্ব পালন শেষে বিদেশ হইতে আগত বাংলাদেশী এয়ার লাইন্সে কর্তব্যরত কোন বাংলাদেশী ক্রু বা কর্মকর্তা এবং বাংলাদেশের কোন বিমান বন্দরে ফ্লাইট পরিচালনাকারী কোন বিদেশী এয়ার লাইন্সে কর্তব্যরত কোন বাংলাদেশী ক্রু বা কর্মকর্তা সর্বো” চ ১০০ (একশত) মার্কিন ডলার মূল্যের ব্যাগেজ সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন।

(২) বিদেশী সমুদ্রবন্দর হইতে আগমনকারী কোন জাহাজের বাংলাদেশী নাবিক বা কর্মকর্তা সর্বো” চ ৩০০ (তিনশত) মার্কিন ডলার মূল্যের ব্যাগেজ সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন।

(৩) উপ-বিধি (২) এ উলিখিত নাবিক বা কর্মকর্তা সাইন অফ (sign off) করিলে তিনি অন—র্ধ্ব ২,০০০ (দুই হাজার) মার্কিন ডলার মূল্যের ব্যাগেজ আরোপযোগ্য সকল প্রকার শুল্ক ও কর পরিশোধক্রমে আমদানি করিতে পারিবেন।

(৪) বিদেশ হইতে আগত যাত্রীবাহী বাসের চালক ও স্টুয়ার্ডগণ (হেলপার/ এ্যাসিস্ট্যান্ট) পরিধেয় বস্¿, বিছানা (বেডিং) ও রন্ধনকৃত খাদ্য সামগ্রী এবং সর্বো" চ ৫০ (পঞ্চাশ) মার্কিন ডলার মূল্যের ব্যক্তিগত ও গৃহস্থালী পণ্য সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন।

৭। **গ্রীন এবং রেড চ্যানেল ব্যবহার**।- (১) কোন যাত্রী শুল্ক ও কর আরোপযোগ্য পণ্য বহন না করিলে তিনি বিমান বন্দরের গ্রীন চ্যানেল (যদি থাকে) ব্যবহার করিতে পারিবেন।

(২) গ্রীণ চ্যানেল অতিক্রমকারী সর্বো" চ ৫% (শতকরা পাঁচ ভাগ) যাত্রীর ব্যাগেজ দৈবচয়নের ভিত্তিতে শুল্ক (Customs) কর্মকর্তা কর্তৃক স্ক্যানিং ও পরীক্ষা করা যাইবে।

(৩) উপ-বিধি (১) ও (২) এ যাহা কিছুই থাকুক না কেন, কোন শুল্ক (Customs) কর্মকর্তা, যুক্তিসংগত সন্দেহবশতঃ গ্রীণ চ্যানেল অতিক্রমকারী যে কোন যাত্রীর ব্যাগেজ স্ক্যানিং ও পরীক্ষা করিতে পারিবেন।

৮। **সকল যাত্রীর জন্য শুল্ক ঘোষণাপত্রের বিধান**।- (১) বিদেশ হইতে আগত সকল যাত্রীকে শুল্ক (Customs) কর্তৃপক্ষের নিকট তফসিল-১ এ বর্ণিত ফরম পূরণ করিয়া ব্যাগেজ ঘোষণা প্রদান করিতে হইবে।

(২) যাত্রীর সংগে আনীত হয় নাই এমন ব্যাগেজ (unaccompanied baggage) এর ক্ষেত্রে কাস্টমস হল (Customs hall) বা শুল্ক এলাকা ত্যাগ করিবার প–র্বেই যাত্রী কর্তৃক শুল্ক (Customs) কর্তৃপক্ষের নিকট তফসিল-১ এ বর্ণিত ফরম পূরণ করিয়া ব্যাগেজ ঘোষণা প্রদান করিতে হইবে।

(৩) ভুলবশতঃ অথবা অন্য কোন অনিবার্য কারণে উপ-বিধি (১) ও উপ-বিধি (২) এর বিধান মোতাবেক কোন যাত্রী কর্তৃক ঘোষণা প্রদান করা সম্ভব না হইলে আগমনের ৩ (তিন) দিনের মধ্যে সংশ্লিষ্ট সহকারী কমিশনার অব কাস্টমস এর (Assistant Commissioner of Customs) নিম্নে নহেন এমন শুল্ক (Customs) কর্মকর্তার নিকট তফসিল-১ এ বর্ণিত ফরম পূরণ করিয়া তিনি ব্যাগেজ ঘোষণা প্রদান করিতে পারিবেন।

(৪) একজন যাত্রী ১ (এক) পঞ্জিকা বৎসরে মাত্র ১ (এক) বার unaccompanied baggage আনিতে পারিবেন।

৯। **মৃত ব্যক্তির ক্ষেত্রে অব্যাহতি**।- এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, কোন বাংলাদেশী নাগরিক বিদেশে মৃত্যুবরণ করিলে তাহার ব্যাগেজ সকল প্রকার শুল্ক ও কর প্রদান হইতে অব্যাহতি পাইবে।

১০। **বাণিজ্যিক পরিমাণে ব্যাগেজ আমদানির ক্ষেত্রে শুল্ক ও কর**।- এই বিধিমালার অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, কোন যাত্রী তফসিল-২ এবং তফসিল-

৩ এ উল্লিখিত পণ্যের অতিরিক্ত বা ভিন্ন কোন পণ্য আমদানি করিলে প্রধান আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রক (সিসিআইএন্ডই) -এর ছাড়পত্র উপস্থাপন সাপেক্ষে, ন্যায়-নির্ণয়নপূর্বক (adjudication) প্রদেয় সমুদয় শুল্ক-কর, অর্থদণ্ড ও জরিমানা, প্রযোজ্য ক্ষেত্রে, পরিশোধ সাপেক্ষে খালাস করিতে পারিবেন।

**তফসিল-১**

বিধি ৩(৪), ৮(১), ৮(২) ও বিধি ৮(৩) দ্রষ্টব্য

**[ব্যাগেজ ঘোষণা ফরম ]**

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | যাত্রীর নাম (Name of the Passenger) | ঃ | | |
| ২। | পাসপোর্ট নং (Passport Number) | ঃ | | |
| ৩। | ফ্লাইট নং ও তারিখ (Flight No. & Date) | ঃ | | |
| ৪। | জাতীয়তা (Nationality) | ঃ | | |
| ৫। | আপনি বিগত তিন মাসে যে সকল দেশ ভ্রমণ করিয়াছেন (Countries where you have travelled for the last three months) ঃ | ঃ | দেশের নাম <u>(Name of the Country)</u> | ভ্রমণের তারিখ <u>(Travel Date)</u> |
| | | (ক) | | |
| | | (খ) | | |
| | | (গ) | | |

৬। অনুগ্রহপূর্বক নিম্নলিখিত প্রশ্নগুলো মনোযোগ সহকারে পড়ুন এবং উত্তর দিন (Please read the questions attentively and answer) ঃ

| | | |
|---|---|---|
| (ক) | আপনার কাছে সংযুক্ত তফসিল-২ এ বর্ণিত শুল্ককর আরোপযোগ্য কোন পণ্য আছে কি (Do you have any goods which are dutitable as described on Attached Schedule-2) ?<br>[দ্রষ্টব্য ঃ যদি থাকে শুল্ক-কর পরিশোধের জন্য কর্তব্যরত কাস্টমস্ কর্মকর্তার সাথে যোগাযোগ করুন (N.B. : If any, | উত্তর (Answer) ঃ |

please contact Customs Officer on duty, for paying duties and taxes)]।

(খ) আপনার কাছে ৫,০০০ (পাঁচ হাজার) মার্কিন ডলারের অতিরিক্ত বা তাহার সমপরিমাণ অর্থের অধিক কোন বৈদেশিক মুদ্রা আছে কি (Do you have foreign currency more than US $5,000/- or equivalent in any other foreign currency)? [দ্রষ্টব্য ঃ উলি-খিত পরিমাণের অধিক বৈদেশিক মুদ্রা থাকিলে তাহার বিবরণ এফএমজে ফরম-এ ঘোষণা প্রদানের জন্য কর্তব্যরত কাস্টমস্ কর্মকর্তার সাথে যোগাযোগ কর“ন (N.B. : If you possess foreign currency more than stated above, please contact Customs officer on duty to declare the currency in FMJ Form)]

উত্তর (Answer) ঃ

(গ) আপনার সঙ্গে আনা হয় নাই এমন কোন ব্যাগ, স্যুটকেস, ট্রাংক, কার্টন, ইত্যাদি আছে কি (Do you have any unaccompanied Baggage)? [দ্রষ্টব্য ঃ যদি থাকে তাহলে তার এয়ারওয়ে বিল/বিল অব লেডিং নম্বর ও তারিখ (N.B : Airway Bill/Bill of lading no. & date, if any)]

উত্তর (Answer) ঃ

স্বাক্ষর (Signature) ঃ
রেভিনিউ অফিসার অব কাস্টমস
(Revenue officer of Customs)

যাত্রীর স্বাক্ষর (পাসপোর্ট অনুসারে)ঃ
Signature of the Passenger
(according to Passport)

তারিখ (Date) ঃ

## তফসিল-২

বিধি ৩(৫),৩(৭) ও বিধি ১০ দ্রষ্টব্য

[শুল্ক-কর আরোপযোগ্য পণ্যের সংক্ষিপ্ত তালিকা]

(ক) ব্যক্তিগত এবং গৃহস্থালী কাজে ব্যবহৃত হয়না এমন কোন পণ্য।

(খ) দুইটি স্যুটকেসের অতিরিক্ত স্যুটকেসে আনীত ব্যাগেজ। তবে তৃতীয় স্যুটকেসে আনীত পরিধেয় বস্ত্র, ব্যক্তিগত ব্যবহার্য সামগ্রী, বই, সাময়িকী এবং পড়াশুনার সামগ্রী শুল্ক ও কর মুক্তভাবে খালাসযোগ্য।

(গ) ব্যাগেজে আমদানিকৃত বাণিজ্যিক পরিমাণে যে কোন পণ্য;

(ঘ) নিম্নবর্ণিত গৃহস্থালী ও ব্যক্তিগত পণ্য ব্যাগেজ হিসাবে আমদানি হইলেও প্রতিটির পার্শ্বে উল্লিখিত নির্দিষ্ট পরিমাণ শুল্ক ও কর পরিশোধ করিতে হইবেঃ

| ক্রমিক নং | পণ্যের বর্ণনা | শুল্ক-কর এর পরিমাণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | Plasma, LCD, TFT, LED ও অনুরূপ প্রযুক্তির টেলিভিশন | |
| | (ক) ২২" - ২৯" পর্যন্ত | ১৫,০০০/- টাকা |
| | (খ) ৩০" - ৩৬" পর্যন্ত | ২০,০০০/- টাকা |
| | (গ) ৩৭" - ৪২" পর্যন্ত | ৩০,০০০/- টাকা |
| | (ঘ) ৪৩" - ৪৬" পর্যন্ত | ৫০,০০০/- টাকা |
| | (ঙ) ৪৭" - ৫২" পর্যন্ত | ৭০,০০০/- টাকা |
| | (চ) ৫৩" থেকে তদূর্ধ্ব সাইজ | ১,০০,০০০/- টাকা |
| ২। | ৪ (চার) এর অধিক তবে সর্বোচ্চ ৮ টি স্পীকারসহ (মিউজিক সেন্টার)/স্পীকার নির্বিশেষে হোম থিয়েটার (সিডি/ ভিসিডি/ ডিভিডি/ এলডি/এমডি/ব্লু রেডিস্ক সেট) | ৮,০০০/- টাকা |
| ৩। | রেফ্রিজারেটর/ডিপ ফ্রিজার | ৫,০০০/- টাকা |
| ৪। | এয়ার কুলার/এয়ার কন্ডিশনার | |
| | (ক) উইনডো টাইপ (window type) | ৭,০০০/- টাকা |
| | (খ) স্প্লিট টাইপ (split type upto 18000 BTU) | ১৫,০০০/- টাকা |

| ক্রমিক নং | পণ্যের বর্ণনা | শুল্ক-কর এর পরিমাণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | (গ) স্পিট টাইপ (split type above 18000 BTU) | ২০,০০০/- টাকা |
| ৫। | ডিশ এন্টেনা | ৭,০০০/- টাকা |
| ৬। | স্বর্ণবার বা স্বর্ণপিণ্ড (সর্বো” চ ২০০ গ্রাম) | প্রতি ১১.৬৬৪ গ্রাম ১৫০/- টাকা |
| ৭। | রৌপ্যবার বা রৌপ্যপিণ্ড (সর্বো” চ ২০০ গ্রাম) | প্রতি ১১.৬৬৪ গ্রাম ৬/- টাকা |
| ৮। | HD Cam, DV Cam, BETA Cam এবং Professional কাজে ব্যবহৃত হয় এরূপ ক্যামেরা | ১৫,০০০/- টাকা |
| ৯। | এয়ারগান/এয়ার রাইফেল (বাণিজ্য মন্¿ণালয়ের অনুমোদন সাপেক্ষে আমদানিযোগ্য, আমদানি নীতি আদেশ ২০০৯-২০১২ দ্রষ্টব্য) | ৫,০০০/- টাকা |
| ১০। | ঝাড়বাতি | ৩০০/- টাকা (প্রতি পয়েন্ট) |
| ১১ । | কার্পেট ১৫ বর্গমিটার পর্যন্@ | ৩০০/- টাকা (প্রতি বর্গমিটার) |
| ১২। | ডিশ ওয়াশার/ওয়াশিং মেশিন/ক্লথ ড্রাইয়ার | ৩,০০০/- টাকা |

## তফসিল-৩

[ বিধি ৩(৫), ৩(৭) ও বিধি ১০ দ্রষ্টব্য ]

[শুল্ক ও কর মুক্ত পণ্যের তালিকা]

| ক্রমিক | পণ্যের নাম |
|---|---|
| ১ | ক্যাসেট পেয়ার/টুইনওয়ান ; |
| ২ | ডিস্কম্যান/ওয়াকম্যান (অডিও) ; |
| ৩ | বহনযোগ্য অডিও সিডি প্লেয়ার ; |
| ৪ | ডেস্কটপ/ল্যাপটপ কম্পিউটার (একটি ইউপিএস সহ) ; |
| ৫ | কম্পিউটার স্ক্যানার ; |

| | |
|---|---|
| ৬ | কম্পিউটার প্রিন্টার ; |
| ৭ | ফ্যাক্স মেশিন; |
| ৮ | ভিডিও ক্যামেরা (HD Cam, DV Cam, BETA Cam এবং Professional কাজে ব্যবহৃত হয় এরূপ ক্যামেরা ব্যতীত) ; |
| ৯ | স্টীল ক্যামেরা /ডিজিটাল ক্যামেরা ; |
| ১০ | সাধারণ/পুশবাটন/কর্ডলেস টেলিফোন সেট ; |
| ১১ | সাধারণ/ইলেকট্রিক ওভেন/ মাইক্রোওয়েভ ওভেন ; |
| ১২ | রাইস কুকার/প্রেসার কুকার/গ্যাস ওভেন (বার্নার সহ) |
| ১৩ | টোস্টার/স্যান্ডউইচ মেকার/ব্লেন্ডার/ফুড প্রসেসর/জুসার/ কফি মেকার; |
| ১৪ | সাধারণ ও বৈদ্যুতিক টাইপরাইটার ; |
| ১৫ | গৃহস্থালী সেলাই মেশিন (ম্যানুয়াল/ বৈদ্যুতিক) ; |
| ১৬ | টেবিল/ প্যাডেস্টাল ফ্যান/গৃহস্থালী সিলিং ফ্যান ; |
| ১৭ | স্পোর্টস সরঞ্জাম (ব্যক্তিগত ব্যবহারের জন্য); |
| ১৮ | ২০০ গ্রাম ওজনের স্বর্ণ/ রৌপ্য অলংকার (এক প্রকার অলংকার ১২টির অধিক হইবে না) ; |
| ১৯ | ১ কার্টন (২০০ শলাকা) সিগারেট ; |
| ২০ | ২১" পর্যন্ত Plasma, LCD, TFT, LED অনুরূপ প্রযুক্তির টেলিভিশন ও ২৯" পর্যন্ত (CRT) সাদাকালো/রঙ্গিন টেলিভিশন ; |
| ২১ | ভিসিআর/ভিসিপি ; |
| ২২ | সাধারণ সিডি ও দুইটি স্পীকারসহ কম্পোনেন্ট (মিউজিক সেন্টার) (সিডি/ ভিসিডি/ ডিভিডি/এলডি/ এমডি সেট); |
| ২৩ | ৪ (চার) টি স্পীকারসহ কম্পোনেন্ট (মিউজিক সেন্টার) সিডি/ভিসিডি/ডিভিডি/এলডি/এমডি/ ব্লু রেডিস্ক প্লেয়ার ; |
| ২৪ | এলসিডি কম্পিউটার মনিটর (টিভি সুবিধা থাকুক বা নাই থাকুক) ১৯" পর্যন্ত; |
| ২৫ | একটি মোবাইল/ সেলুলার ফোন সেট |

**তফসিল-৪**

[ বিধি ৩ (৭) দ্রষ্টব্য ]

পণ্য ক্রয় সংক্রান্ত ফরম

[ঘোষিত পণ্য যাত্রী আগমণের সাতটি কার্যদিবসের মধ্যে ক্রয় করিতে হইবে]

১। যাত্রীর নাম ঃ

২। পাসপোর্ট নং ঃ

৩। ফ্লাইট নং ঃ

৪। আগমণের তারিখ ঃ

৫। তফসিল-২ এবং তফসিল-৩ ভুক্ত যে সকল পণ্য বাংলাদেশ পর্যটন করপোরেশনের সিটি সেলস্ সেন্টার হইতে ক্রয় করিতে ই” ছুক (এই বিধিমালার অধীনে প্রাপ্যতা অনুসারে তফসিল-২ এবং তফসিল-৩ ভুক্ত যে সকল পণ্য সংগে আনা হইয়াছে, তাহার সাথে সমন্বয় করিয়া দায়িত্বে নিয়োজিত শুল্ক (Customs) কর্মকর্তা যাত্রী কর্তৃক ঘোষিত পণ্যের প্রাপ্যতা নির্ধারণ করিবেন)ঃ

| ক্রমিক নং | পণ্যের বর্ণনা | সংখ্যা |
|---|---|---|
| | | |

যাত্রীর স্বাক্ষর

এসিস্ট্যান্ট রেভিনিউ অফিসার অব কাস্টমস এর স্বাক্ষর
(নামীয় সীলসহ)

সহকারী/উপ-কমিশনার অব কাস্টমস
(Assistant/Deputy Commissioner of Customs)
এর স্বাক্ষর
(নামীয় সীলসহ)

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

**স্বাক্ষরিত/-**
(মোহাম্মদ রেজাউল হক)
দ্বিতীয় সচিব (শুল্কঃ নীতি ও বাজেট)।